



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd E-mail: info@bmeb.gov.bd Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/৩৩৩১৯১২৪৩৯৫১/ চাঁপাই - ১১০/ ৭০২

তারিখ: ১৪.১১.২০১৯খ্রি:


## বিষয়: অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে, চাঁপাইনবাবগঞ্জ জেলার গোমস্তাপুর উপজেলাধীন খড়কাডাঙ্গা দারুস সুন্নাহ আলিম মাদ্রাসার গভার্ণিং বডির সভাপতির বিরুদ্ধে বিভিন্ন অনিয়মের অভিযোগ উল্লেখ পূর্বক সভাপতি অপসারণের জন্য মাদ্রাসার অধ্যক্ষ জনাব মো: তালেবুল ইসলাম অভিযোগপত্র দাখিল করেন। অভিযোগপত্র পর্যালোচনায় দেখা যায়, গভার্ণিং বডির সভাপতি অনিয়মতান্ত্রিকভাবে সাবেক মাননীয় সংসদ সদস্য জনাব গোলাম মোস্তাফা বিশ্বাসের সুপারিশ নিয়ে সভাপতি হন। সভাপতি নির্বাচিত হয়েই তিনি পূর্ব থেকে পূর্ণ গড় বেতনে এম.ফিল. গবেষণায় ছুটিতে থাকা অভিযোগকারী জনাব মো: তালেবুল ইসলামের ৫৬ (ছাপ্পান্ন) মাসের (অক্টোবর/২০১৪ থেকে মে/২০১৯ পর্যন্ত) বেতন ভাতাদি বন্ধ করে দেন। সভাপতি থাকাকালীন মাদ্রাসায় ৭ (সাত) জন শিক্ষক নিয়োগের ডোনেশানের প্রায় ৭০ (সত্তর) লক্ষ টাকা আত্মসাৎ করেন। বর্তমানে গভার্ণিং বডির মেয়াদ শেষ হয়ে গেলেও প্রভাব খাটিয়ে মেয়াদোত্তীর্ণ সভাপতির প্রতিশ্রুতকরেই শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতা উত্তোলন করছেন।

এমতাবস্থায় অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


সংযুক্তি: বর্ণনা মোতাবেক ( ) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
১৪.১১.১৯  
(মোঃ সিদ্দিকুর রহমান)  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন: ৯৬১২৮৫৮

উপজেলা নির্বাহী অফিসার  
গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ।

  
১৪/১১/১৯

নং-বামাশিবো/প্রশা/৩৩৩১৯১২৪৩৯৫১/ চাঁপাই - ১১০/ ৭০২

তারিখ: ১৪.১১.২০১৯খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ;
২. জেলা শিক্ষা অফিসার, চাঁপাইনবাবগঞ্জ;
৩. সভাপতি, খড়কাডাঙ্গা দারুস সুন্নাহ আলিম মাদ্রাসা, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ;
৪. জনাব মো: তালেবুল ইসলাম, অধ্যক্ষ, খড়কাডাঙ্গা দারুস সুন্নাহ আলিম মাদ্রাসা, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ;
৫. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন: ৯৬৭৪৮৭৪